

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।



www.shahzadpurgovtcollege.com

E-Mail Address : shahzadpur.govt.college@gmail.com

টেলিফোন নম্বর : ০৭৫২৭-৬৪০৪০/ ০৭৫২৭-৬৪৫১৭

২০১৭-১৮ শিক্ষাবর্ষের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষা-২০১৯ এর নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের

ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি :

তারিখ : ১৮/০১/২০২০ খ্রিঃ।

অত্র কলেজের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষা-২০১৯ এর নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, পরীক্ষার ফরম পূরণের কাজ নিম্নোক্ত তারিখ সমূহে বেলা ১০:০০ টা থেকে ০২:০০ টা পর্যন্ত চলবে। ২০১৭-১৮ শিক্ষা বর্ষের নিয়মিত যে সকল শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করেছে শুধু মাত্র তারাই ফরম পূরণ করতে পারবে। ফরম পূরণইচ্ছু পরীক্ষার্থীদেরকে নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/degree-pass) থেকে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে ০২ (দুই) কপি ছবি ফরমের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগিয়ে কলেজে ফরম পূরণ কমিটির নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

আবেদন ফরম পূরণ ও জমাদানের সময় :

পদার্থবিজ্ঞান বিভাগে ০২/০২/২০২০ থেকে ০৮/০২/২০২০ খ্রি. পর্যন্ত ফরম পূরণ ও জমাদানের কাজ চলবে।

ফি বিবরণী :

১। নিয়মিত/অনিয়মিত ফি বিবরণী নোটিশ বোর্ডে প্রদত্ত ডিমান্ডলিস্ট অনুযায়ী।

(১। নিয়মিত পরীক্ষার্থীদের রূপালী ব্যাংক এর শিওরক্যাশের মাধ্যমে টাকা জমা দেওয়ার শার্টকোড : SPGCD

(২। অনিয়মিত পরীক্ষার্থীদের রূপালী ব্যাংক এর শিওরক্যাশের মাধ্যমে টাকা জমা দেওয়ার শার্টকোড : SPGCDO

যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে পারবে :

১) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী।

২) ২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ডিগ্রি পাস ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪) উপরোক্ত (৩) শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

অকৃতকার্য ও মানোন্নয়ন :

৫) ২০১৬-১৭, ২০১৫-১৬, ২০১৪-১৫ ও ২০১৩-১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা ২০১৮, ২০১৭, ২০১৬, ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্র/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দুটি কোর্স/পত্র মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

আবেদনপত্র পূরণের জন্য নিম্নোক্ত কাগজপত্র প্রদর্শন করতে হবে :

১) কলেজের যাবতীয় পাওনা পরিশোধের রশিদ।

২) ডিগ্রি (পাস) কোর্সের মূল রেজিস্ট্রেশন কার্ড।

আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে :

১) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস) ২য় বর্ষের নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ খানা।

২) পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি অনলাইন হতে ডাউনলোড কৃত আবেদন ফরমের নির্ধারিত জায়গায় আইকা গাম দিয়ে আটকিয়ে দিতে হবে।

৩) টাকা জমাদানের রশিদের কপি।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. মোঃ আবদুস ছাত্তার)

অধ্যক্ষ

শাহজাদপুর সরকারি কলেজ

শাহজাদপুর, সিরাজগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপাধ্যক্ষ, শাহজাদপুর সরকারি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

২। আহবায়ক, ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ কমিটি-২০১৯।

৩। ক্যাশিয়ার/ হিসাব রক্ষক।

৪। অফিস নথি।